সোমবার, ০৩ এপ্রিল ২০২৩

# কার্যকর এডিআর বাড়াবে বিদেশি বিনিয়োগ

## ডিসিসিআইর সেমিনার

কালবেলা প্রতিবেদক

কার্যকর বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থাপনা দেশে ব্যবসা সহায়ক এবং ব্যবসার পরিবেশ উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এটি বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে অন্যতম পূর্বশর্ত বলেও মনে করেন বিশেষজ্ঞরা।

গতকাল রোববার ঢাকা চেম্বার অব কমার্স ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে আরবিট্রেশন আইনের প্রয়োজনীয় সংস্কার শীর্ষক সেমিনারে এসব কথা বলেন বক্তারা। এতে প্রধান অতিথি ছিলেন আইনমন্ত্রী আনিসুল হক, বিশেষ অতিথি ব্রিটিশ হাইকমিশনার রবার্ট চ্যাটারটন ডিকসন। অনুষ্ঠানে নির্ধারিত আলোচনায় অংশ নেন ইউনিলিভার বাংলাদেশের সিইও এবং ব্যবস্থাপনা পরিচালক জাভেদ আকতার, গ্রামীণফোন লিমিটেডের প্রধান নির্বাহী ইয়াসির আজমান ও ভারতের সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী প্রমোদ নায়ার।

আইনমন্ত্রী বলেন, বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থাপনার মাধ্যমে দ্রুত আইনি কার্যক্রম শেষ করে বিচারপ্রাপ্তি নিশ্চিত করা যায়। বর্তমান সরকার দেশে ব্যবসা সহায়ক পরিবেশ নিশ্চিতের লক্ষ্যে সংশ্লিষ্ট আইনের প্রয়োজনীয় সংস্কারে বদ্ধপরিকর। বর্তমান প্রেক্ষাপটে আরবিট্রেশন আইন সংস্কারের বিষয়টি বিবেচনা করা যেতে পারে বলে মন্ত্রী জানান।

ব্রিটিশ হাইকমিশনার রবার্ট চ্যাটারটন ডিকসন বলেন, দুই দশকে বাংলাদেশের অর্থনীতিতে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। তবে ৩ বছর পর দেশটির এলডিসি উত্তরণ-পরবর্তী সময়ে বেশি বিদেশি বিনিয়োগ আকর্ষণের লক্ষ্যে আরবিট্রেশন আইনের প্রয়োজনীয় সংস্কার অপরিহার্য। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপনকালে সুপ্রিম কোর্টের অ্যাডভোকেট ব্যারিস্টার আশরাফুল হাদি বলেন, আরবিট্রাল ট্রাইব্যুনালের কোর্টের মতো ক্ষমতা থাকা প্রয়োজন।

ঢাকা চেম্বার সভাপতি সামীর সাত্তার বলেন, দেশের প্রবৃদ্ধির ধারাকে আরও বেগবান করার পাশাপাশি বাণিজ্য সহায়ক পরিবেশ নিশ্চিতে আমাদের একটি কার্যকর আইনি কাঠামো প্রয়োজন, ক্রস-বর্ডার বাণিজ্য বিরোধ নিষ্পত্তিতে দ্রুত ও দক্ষ কন্ট্রাক্ট এনফোর্সমেন্ট বাস্তবায়ন সক্ষম। আমাদের বর্তমান আইনি কাঠামোতে এ ধরনের চ্যালেঞ্জ মোকাবিলার প্রথম ধাপেই বিদ্যমান বিকল্প বিরোধ নিষ্পত্তি আইনের প্রয়োজনীয় সংস্কার অপরিহার্য। ডিসিসিআই সভাপতি বলেন, গত কয়েক দশকে আমাদের বৈদেশিক বিনিয়োগের সঙ্গে বেড়েছে বাণিজ্য বিরোধের পরিমাণ। ফলে সাম্প্রতিক সময়ে এ ধরনের বাণিজ্য বিরোধ নিষ্পত্তিতে আরবিট্রেশন অন্যতম নিয়ামক বিবেচিত হচ্ছে।

দেশ রূপান্তর
সোমবার, ০৩ এপ্রিল ২০২৩

# বিদেশি বিনিয়োগ আকর্ষণে বাণিজ্য আইনের সংস্কার জরুরি

নিজস্ব প্রতিবেদক

দেশে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে আরবিট্রেশন বা সালিশ আইনের সংস্কার জরুরি বলে অভিমত ব্যক্ত করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। ডিসিসিআই মনে করে, একটি কার্যকর বিকল্প বিরোধ নিষ্পত্তি (এডিআর) ব্যবস্থাপনা দেশে ব্যবসা সহায়ক পরিবেশ উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। যা বৈদেশিক বিনিয়োগ আকর্ষণেরও অন্যতম পূর্বশর্ত।

গতকাল রবিবার ডিসিসিআইতে 'বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে আরবিট্রেশন আইনের প্রয়োজনীয় সংস্কার' শীর্ষক সেমিনারে চেম্বার সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার এ কথা জানান। সেমিনারে আইন, বিচার ও সংসদবিষয়কমন্ত্রী আনিসুল হক প্রধান অতিথি এবং ঢাকায় নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার রবার্ট চ্যাটারটন ডিকসন বিশেষ অতিথি হিসেবে যোগ দেন।

সেমিনারের স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার আরও বলেন, দেশের প্রবৃদ্ধির ধারাকে আরও বেগবান করার পাশাপাশি বাণিজ্য সহায়ক পরিবেশ নিশ্চিতে আমাদের একটি কার্যকর আইনি কাঠামো প্রয়োজন, যা বিশেষ করে ক্রস-বর্ডার বাণিজ্য বিরোধ নিষ্পত্তিতে দ্রুত ও দক্ষ কন্ট্রাক্ট এনফোর্সমেন্ট বাস্তবায়ন সক্ষম। আমাদের বর্তমান আইনি কাঠামোতে এ ধরনের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রথম ধাপেই বিদ্যমান বিকল্প বিরোধ নিষ্পত্তি আইনের প্রয়োজনীয় সংস্কার একান্ত অপরিহার্য বলে তিনি মতপ্রকাশ করেন।

ডিসিসিআই সভাপতি বলেন, গত কয়েক দশকে আমাদের বৈদেশিক বিনিয়োগ যেমন বেড়েছে, তেমনি বেড়েছে বাণিজ্য বিরোধের পরিমাণ, ফলে সাম্প্রতিক সময়ে এ ধরনের বাণিজ্য বিরোধ নিষ্পত্তিতে আরবিট্রেশন একটি অন্যতম নিয়ামক হিসেবে বিবেচিত হচ্ছে। ঢাকা চেম্বার সভাপতি সামীর সাত্তার বলেন, ক্রস-বর্ডারসংশ্লিষ্ট বাণিজ্য বিরোধগুলো দ্রুত ও স্বল্প খরচে সমাধানে প্রচলিত আইনি ব্যবস্থার চেয়ে আরবিট্রেশন

**সংবাদ সম্মেলনে ঢাকা চেম্বার**

**বিনিয়োগকারীরা তাদের বিনিয়োগের নিরাপত্তা এবং এডিআরের মাধ্যমে দ্রুততম সময়ে বাণিজ্য বিরোধ নিষ্পত্তি করতে চান**

ব্যবস্থাকেই বিদেশি বিনিয়োগকারীরা বেশিমাত্রায় কার্যকর বলে মনে করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে আইনমন্ত্রী আনিসুল হক বলেন, বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থাপনার মাধ্যমে দ্রুততম সময়ে আইনি কার্যক্রম সম্পন্ন করে বিচার প্রাপ্তি নিশ্চিত করা যায়। তিনি জানান, বর্তমান সরকার দেশে ব্যবসা সহায়ক পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট আইনের প্রয়োজনীয় সংস্কারের বদ্ধপরিকর এবং বর্তমান প্রেক্ষাপটে আরবিট্রেশন আইন ২০০১ সংস্কারের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

ব্যবসায়ীদের আরও বেশি হারে এডিআর কার্যক্রম ব্যবহারের আহ্বান জানিয়ে আইনমন্ত্রী বলেন, কার্যকর এডিআর ব্যবস্থাপনা বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। তিনি জানান, মেডিয়েন কনভেনশন স্বাক্ষরিত হবে এবং সিপিসি অ্যাক্ট ইতিমধ্যে সংস্কার করা হয়েছে। আরবিট্রেশন প্রক্রিয়া সম্পন্নে নির্দিষ্ট সময়সীমা থাকা প্রয়োজন বলে তিনি মতপ্রকাশ করেন।

বিশেষ অতিথির বক্তব্যে ব্রিটিশ হাইকমিশনার রবার্ট চ্যাটারটন ডিকসন বলেন, বিগত দুই দশকে বাংলাদেশের অর্থনীতিতে উল্লেখযোগ্য অগ্রগতি পরিলক্ষিত হয়েছে, তবে আগামী তিন বছর পর দেশটির এলডিসি হতে উত্তরণ-পরবর্তী সময়ে অধিকতর বিদেশি বিনিয়োগ আকর্ষণের লক্ষ্যে আরবিট্রেশন আইনের প্রয়োজনীয় সংস্কার একান্ত অপরিহার্য।

তিনি বলেন, এটা সত্য যে, বিদেশি বিনিয়োগকারীরা তাদের বিনিয়োগের নিরাপত্তা এবং এডিআরের মাধ্যমে দ্রুততম সময়ে বাণিজ্য বিরোধ নিষ্পত্তি করতে চান। বাংলাদেশের কমার্শিয়াল আইনের সংস্কার খুবই জরুরি এবং এ ক্ষেত্রে ভারতের উদাহরণ বিবেচনায় নিয়ে দ্রুততম সময়ে প্রয়োজনীয় সংস্কার সম্পন্ন করা আবশ্যক। বাংলাদেশের ব্যবসা সহায়ক পরিবেশ উন্নয়নে 'এনফোর্সমেন্ট অব কন্ট্রাক'-এর বাস্তবায়ন অত্যন্ত চ্যালেঞ্জিং বলে হাইকমিশনার মত দেন।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের ব্যারিস্টার আশরাফুল হাদি। তিনি বলেন, আরবিট্রাল ট্রাইব্যুনালের কোর্টের ন্যায়ক্ষমতা থাকা প্রয়োজন। আরবিট্রেশন অ্যাক্ট ২০০১-এর সংজ্ঞায় 'কোর্ট'কে ইন্টারন্যাশনাল কমার্শিয়াল আরবিট্রেশনের আদলে যেন হাইকোর্ট হিসেবে বিবেচনা করা হয়। পাশাপাশি তিনি স্ট্যাম্প-এর শুল্ক প্রদানের সব প্রক্রিয়া ডিজিটাল কার্যক্রমের আওতায় নিয়ে আসার প্রস্তাব করেন এবং স্থানীয় ও আন্তর্জাতিক উভয় ক্ষেত্রে আরবিট্রেশন মামলার কার্যক্রমের একটি কেন্দ্রীয় ডেটাবেজ তৈরির প্রস্তাব করেন।

ব্যারিস্টার হাদি আরও বলেন, বিদেশি নাগরিক ও বিনিয়োগকারীদের আরবিট্রেশনের জন্য বাংলাদেশ একটি উপযুক্ত স্থান হিসেবে বিবেচিত হতে পারে। বিদ্যমান বাণিজ্য বিরোধসমূহ দ্রুততর সময়ে নিষ্পত্তির লক্ষ্যে তিনি একটি 'আন্তর্জাতিক কমার্শিয়াল কোর্ট' স্থাপনেরও প্রস্তাব করেন।

অনুষ্ঠানের নির্ধারিত আলোচনায় ইউনিলিভার বাংলাদেশের সিইও এবং ব্যবস্থাপনা পরিচালক জাভেদ আকতার, গ্রামীণফোন লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা ইয়াসির আজমান এবং ভারতের সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী প্রমোদ নায়ার অংশগ্রহণ করেন।

জাভেদ আকতার ডিজিটাল ম্যাকানিজম ব্যবস্থাপনার সমন্বয়ের মাধ্যমে একটি স্মার্ট আরবিট্রেশন প্রক্রিয়া চালুকরণ এবং সেই সঙ্গে ব্যবসায়ী সম্প্রদায়ের মাঝে আরবিট্রেশন বিষয়ক সচেতনতা বাড়ানোর ওপর জোরারোপ করেন।

প্রতিদিনের
বাংলাদেশ
সোমবার, ০৩ এপ্রিল ২০২৩

# আরবিট্রেশন আইনের সংস্কার চান ব্যবসায়ীরা

ঢাকা চেম্বার

প্রবা প্রতিবেদক

দেশে ব্যবসার সহায়ক পরিবেশ উন্নয়নে একটি কার্যকর আরবিট্রেশন আইন বা বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থাপনা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, যা বৈদেশিক বিনিয়োগ আকর্ষণের অন্যতম পূর্বশর্ত বলে মন্তব্য করেছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার।

গতকাল রবিবার ডিসিসিআই আয়োজিত 'বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে আরবিট্রেশন আইনের প্রয়োজনীয় সংস্কার' শীর্ষক সেমিনারে তিনি এ মন্তব্য করেন।

সামীর সাত্তার আরও বলেন, 'গত কয়েক দশকে আমাদের বৈদেশিক বিনিয়োগ যেমন বেড়েছে, তেমনি বেড়েছে বাণিজ্য বিরোধের পরিমাণ। ফলে সাম্প্রতিক সময়ে এ ধরনের বাণিজ্য বিরোধ নিষ্পত্তিতে আরবিট্রেশন একটি অন্যতম নিয়ামক হিসেবে বিবেচিত হচ্ছে। দেশের প্রবৃদ্ধির ধারাকে আরও বেগবান করার পাশাপাশি বাণিজ্য সহায়ক পরিবেশ নিশ্চিতকল্পে আমাদের একটি কার্যকর আইনি কাঠামো প্রয়োজন।'

অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে আইনমন্ত্রী আনিসুল হক বলেন, বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থাপনার মাধ্যমে দ্রুত সময়ে আইনি কার্যক্রম সম্পন্ন করে বিচারপ্রাপ্তি নিশ্চিত করা যায়। বর্তমান সরকার দেশে ব্যবসা সহায়ক পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট আইনের প্রয়োজনীয় সংস্কারে বদ্ধপরিকর। বর্তমান প্রেক্ষাপটে আরবিট্রেশন আইন ২০০১ সংস্কারের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

বিশেষ অতিথির বক্তব্যে ব্রিটিশ হাইকমিশনার রবার্ট চ্যাটারটন ডিকসন বলেন, বিগত দুই দশকে বাংলাদেশের অর্থনীতিতে উল্লেখযোগ্য অগ্রগতি পরিলক্ষিত হয়েছে। তবে আগামী তিন বছর পর দেশটির এলডিসি থেকে উত্তরণ-পরবর্তী সময়ে অধিকতর বিদেশি বিনিয়োগ আকর্ষণের লক্ষ্যে আরবিট্রেশন আইনের প্রয়োজনীয় সংস্কার একান্ত অপরিহার্য।

প্রতিদিনের সংবাদ
www.protidinersangbad.com
সোমবার, ০৩ এপ্রিল ২০২৩

### ঢাকা চেম্বারের সেমিনারে আইনমন্ত্রী

# ডিজিটাল নিরাপত্তা আইন সংশোধন করা হবে

অর্থনৈতিক প্রতিবেদক

ডিজিটাল সিকিউরিটি অ্যাক্টের মাধ্যমে হয়রানি বন্ধে আইনটি সংশোধন করার উদ্যোগ নেওয়া হবে, তবে তা বাতিল করা হবে না বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। বিশ্বের বিভিন্ন দেশে এ ধরনের আইন রয়েছে এবং বাংলাদেশেও আইনটির প্রয়োজনীয়তা আছে বলেও উল্লেখ করেন মন্ত্রী। রবিবার (২ এপ্রিল) ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) উদ্যোগে আয়োজিত 'বাংলাদেশে বিদেশি বিনিয়োগ উৎসাহে আরবিট্রেশন অ্যাক্ট পুনর্বিবেচনা' শীর্ষক সেমিনার শেষে সাংবাদিকদের তিনি এ কথা জানান। আইনমন্ত্রী জানান, দেশে-বিদেশে বা জাতিসংঘে এ নিয়ে আলোচনা-সমালোচনা হচ্ছে। ডিজিটাল নিরাপত্তা আইনের কিছু অপব্যবহার হয়েছিল। সেটা আমরা স্বীকার করে এ বিষয়ে কী পরিবর্তন আনা যায়, সেটি নিয়ে জাতিসংঘের মানবাধিকার কমিশনের সঙ্গে আলোচনা করেছি। আলোচনা এখনো চলমান আছে। সেখান থেকে একটা টেকনিক্যাল নোট এসেছে, আমরা সেটি পর্যালোচনা করছি। আনিসুল হক বলেন, দেশের কোনো গণমাধ্যম বা সাংবাদিকের বিরুদ্ধে সরকার মামলা করেনি; মামলা হয়েছে অন্যায়ের বিরুদ্ধে, অপরাধের বিরুদ্ধে। ডিজিটাল সিকিউরিটি অ্যাক্ট বিশ্বের সব দেশে আছে। কিন্তু সেখানে হয়তো সরাসরি ডিজিটাল নিরাপত্তা আইন বলা নেই। ডিজিটাল অপরাধ কমাতে এ আইন করেছে সব দেশ। তিনি বলেন, আমাদের এখানে অনেক সময় এই আইনের (ডিজিটাল নিরাপত্তা আইন) মাধ্যমে হয়রানির অভিযোগ এসেছে। প্রয়োজন হলে আইনে বিধি সংযুক্ত বা পরিবর্তনের উদ্যোগ নেওয়া হবে। তবে ডিজিটাল সিকিউরিটি আইনের প্রয়োজনীয়তা আছে। তবে এর মাধ্যমে সাংবাদিকদের যেন অহেতুক হয়রানি করা না হয় সে বিষয়ে উদ্যোগ নেওয়া হয়েছে জানিয়ে আইনমন্ত্রী বলেন, এ নিয়ে গত ১৪ মার্চ সুধীজনদের সঙ্গে আলোচনাও হয়েছে। এরপর গত ৩০ মার্চ আবারও বসার কথা ছিল, কিন্তু তা স্থগিত করা হয়।

মানবজমিন

ঢাকা, ৩ এপ্রিল ২০২৩, সোমবার, ১৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ, ১১ রমজান ১৪৪৪ হিঃ

# ডিজিটাল নিরাপত্তা আইন বাতিল নয়, সংশোধন হতে পারে: আইনমন্ত্রী

অর্থনৈতিক রিপোর্টার

(১২ ঘন্টা আগে) ২ এপ্রিল ২০২৩, রবিবার, ৯:৫৬ অপরাহ্ন

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, ডিজিটাল সিকিউরিটি অ্যাক্ট বাতিল হবে না। প্রয়োজন হলে আইনের বিধি সংযুক্ত বা পরিবর্তনের উদ্যোগ নেয়া হবে। রোববার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে আরবিট্রেশন আইনের প্রয়োজনীয় সংস্কার' শীর্ষক সেমিনারে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত বৃটিশ হাইকমিশনার রবার্ট চ্যাটারটন ডিকসন বিশেষ অতিথি হিসেবে অংশ নেন।

আইনমন্ত্রী বলেন, ডিজিটাল নিরাপত্তা আইনের প্রয়োজনীয়তা রয়েছে। যদিও এই আইনে কিছু ত্রুটি আছে এটা আগেও আমরা বলেছি। তবে সরকার তা সমাধানের চেষ্টা করছে। প্রথম আলোর সম্পাদক ও নিজস্ব প্রতিবেদকের বিরুদ্ধে মামলার বিষয়ে তিনি বলেন, দেশের কোনো গণমাধ্যম বা সাংবাদিকের বিরুদ্ধে সরকার মামলা করেনি; মামলা হয়েছে অন্যায়ের বিরুদ্ধে, অপরাধের বিরুদ্ধে। তিনি বলেন, ডিজিটাল সিকিউরিটি অ্যাক্ট বিশ্বের সব দেশে আছে। কিন্তু সেখানে হয়তো সরাসরি ডিজিটাল নিরাপত্তা আইন বলা নেই। ডিজিটাল অপরাধ কমাতে এ আইন করেছে সব দেশ।

আনিসুল হক বলেন, বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থাপনার মাধ্যমে দ্রুততম সময়ে আইনি কার্যক্রম সম্পন্ন করে বিচারপ্রাপ্তি নিশ্চিত করা যায়।

তিনি জানান, বর্তমান সরকার দেশে ব্যবসা-সহায়ক পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট আইনের প্রয়োজনীয় সংস্কারে বদ্ধ পরিকর এবং বর্তমান প্রেক্ষাপটে 'আরবিট্রেশন আইন ২০০১' সংস্কারের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

ব্যবসায়ীদের আরও বেশিহারে এডিআর কার্যক্রম ব্যবহারের আহ্বান জানিয়ে আইনমন্ত্রী বলেন, কার্যকর এডিআর ব্যবস্থাপনা বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। তিনি জানান, মেডিয়েন কনভেনশন স্বাক্ষরিত হবে এবং সিপিসি অ্যাক্ট ইতোমধ্যে সংস্কার করা হয়েছে। আরবিট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে নির্দিষ্ট সময়সীমা থাকা প্রয়োজন বলে তিনি মত প্রকাশ করেন।

সেমিনারে স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার বলেন, দেশের প্রবৃদ্ধির ধারাকে আরও বেগবান করার পাশাপাশি বাণিজ্য-সহায়ক পরিবেশ নিশ্চিতকল্পে আমাদের একটি কার্যকর আইনি কাঠামো প্রয়োজন, যা বিশেষ করে ক্রস-বর্ডার বাণিজ্য বিরোধ নিষ্পত্তিতে দ্রুত ও দক্ষ কন্ট্রাক্ট এনফোর্সমেন্ট বাস্তবায়ন সক্ষম। বর্তমান আইনি কাঠামোতে এ ধরনের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রথম ধাপেই বিদ্যমান বিকল্প বিরোধ নিষ্পত্তি আইনের প্রয়োজনীয় সংস্কার একান্ত অপরিহার্য বলে তিনি মত প্রকাশ করেন।

শেয়ার বিজ
The Daily Share Biz

# বিদেশি বিনিয়োগ আকর্ষণে আরবিট্রেশন আইনের সংস্কার জরুরি : ঢাকা চেম্বার

নিজস্ব প্রতিবেদক

কার্যকর বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থাপনা দেশে ব্যবসা-সহায়ক পরিবেশ উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে, যা বৈদেশিক বিনিয়োগ আকর্ষণের অন্যতম পূর্বশর্ত বলে মনে করেন ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার।

গতকাল রোববার ডিসিসিআই অডিটোরিয়ামে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে আরবিট্রেশন আইনের প্রয়োজনীয় সংস্কার' শীর্ষক অনুষ্ঠিত এক সেমিনারে এসব কথা বলেন ব্যারিস্টার সামীর সাত্তার। অনুষ্ঠানে আইনমন্ত্রী আনিসুল হক প্রধান অতিথি এবং বাংলাদেশে নিযুক্ত বিটিশ হাইকমিশনার রবার্ট চ্যাটারটন ডিকসন বিশেষ অতিথি হিসেবে যোগ দেন।

সেমিনারে স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি সামীর সাত্তার বলেন, দেশের প্রবৃদ্ধির ধারা আরও বেগবান করার পাশাপাশি বাণিজ্য-সহায়ক পরিবেশ নিশ্চিতকল্পে আমাদের একটি কার্যকর আইনি কাঠামো প্রয়োজন, যা বিশেষ করে ক্রস-বর্ডার বাণিজ্য বিরোধ নিষ্পত্তিতে দ্রুত ও দক্ষ কন্ট্রাক্ট এনফোর্সমেন্ট বাস্তবায়ন সক্ষম। আমাদের বর্তমান আইনি কাঠামোয় এ ধরনের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রথম ধাপেই বিদ্যমান বিকল্পবিরোধ নিষ্পত্তি আইনের প্রয়োজনীয় সংস্কার একান্ত অপরিহার্য।

ডিসিসিআই সভাপতি বলেন, গত কয়েক দশকে আমাদের বৈদেশিক বিনিয়োগ যেমন বেড়েছে, তেমনি বেড়েছে বাণিজ্য বিরোধের পরিমাণ, ফলে সাম্প্রতিক সময়ে এ ধরনের বাণিজ্য বিরোধ নিষ্পত্তিতে আরবিট্রেশন একটি অন্যতম নিয়ামক হিসেবে বিবেচিত হচ্ছে।

সামীর সাত্তার বলেন, ক্রস-বর্ডার-সংশ্লিষ্ট বাণিজ্য বিরোধগুলো দ্রুত ও স্বল্প খরচে সমাধানে প্রচলিত আইনি ব্যবস্থার চেয়ে আরবিট্রেশন ব্যবস্থাকেই বিদেশি বিনিয়োগকারীরা বেশি মাত্রায় কার্যকর বলে মনে করেন।

আইনমন্ত্রী আনিসুল হক বলেন, বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থাপনার মাধ্যমে দ্রুততম সময়ে আইনি কার্যক্রম সম্পন্ন করে বিচারপ্রাপ্তি নিশ্চিত করা যায়। তিনি জানান, বর্তমান সরকার দেশে ব্যবসা-সহায়ক পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট আইনের প্রয়োজনীয় সংস্কারে বদ্ধপরিকর এবং বর্তমান প্রেক্ষাপটে 'আরবিট্রেশন আইন, ২০০১' সংস্কারের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

ব্যবসায়ীদের আরও বেশি হারে এডিআর কার্যক্রম ব্যবহারের আহ্বান জানিয়ে আইনমন্ত্রী বলেন, কার্যকর এডিআর ব্যবস্থাপনা বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। মেডিয়েন কনভেনশন স্বাক্ষরিত হবে এবং সিপিসি অ্যাক্ট এরই মধ্যে সংস্কার করা হয়েছে। আরবিট্রেশন প্রক্রিয়া সম্পন্নে নির্দিষ্ট সময়সীমা থাকা প্রয়োজন বলে তিনি মত প্রকাশ করেন।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের অ্যাডভোকেট ব্যারিস্টার আশরাফুল হাদি। তিনি বলেন, আরবিট্রাল ট্রাইব্যুনালের কোর্টের মতো ক্ষমতা থাকা প্রয়োজন। 'আরবিট্রেশন অ্যাক্ট, ২০০১'-এর সংজ্ঞায় 'কোর্ট'কে ইন্টারন্যাশনাল কমার্শিয়াল আরবিট্রেশনের আদলে যেন হাইকোর্ট হিসেবে বিবেচনা করা হয়। পাশাপাশি তিনি স্ট্যাম্পের শুল্ক দেয়ার সব প্রক্রিয়া ডিজিটাল কার্যক্রমের আওতায় আনার প্রস্তাব করেন এবং স্থানীয় ও আন্তর্জাতিক উভয় ক্ষেত্রে আরবিট্রেশন মামলার কার্যক্রমের একটি কেন্দ্রীয় ডেটাবেজ তৈরির প্রস্তাব করেন।

অনুষ্ঠানে নির্ধারিত আলোচনায় ইউনিলিভার বাংলাদেশ-এর সিইও ও ব্যবস্থাপনা পরিচালক জাভেদ আকতার, গ্রামীণফোন লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা ইয়াসির আজমান এবং ভারতের সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী প্রমোদ নায়ার অংশ নেন।

জাভেদ আকতার ডিজিটাল ম্যাকানিজম ব্যবস্থাপনার সমন্বয়ের মাধ্যমে একটি স্মার্ট আরবিট্রেশন প্রক্রিয়া চালুকরণের ওপর জোরারোপ করেন, সেইসঙ্গে ব্যবসায়ী সম্প্রদায়ের মাঝে আরবিট্রেশন-বিষয়ক সচেতনতা বাড়ানোর ওপর জোরারোপ করেন।

ইয়াসির আজমান বলেন, 'আরবিট্রেশন অ্যাক্ট, ২০০১' একটি প্রশংসনীয় উদ্যোগ, তবে এটার প্রয়োজনীয় সংস্কার জরুরি। পাশাপাশি তিনি এ আইনের দ্রুত বাস্তবায়নে তথ্যপ্রযুক্তি ও ডিজিটাল ব্যবস্থা প্রয়োগের প্রস্তাব করেন।

সেমিনারে ধন্যবাদ জ্ঞাপন করেন ঢাকা চেম্বারের সহসভাপতি মো. জুনায়েদ ইবনে আলী।

আমাদের অর্থনীতি
সোমবার, ০৩ এপ্রিল ২০২৩

# বর্তমান প্রেক্ষাপটে আরবিট্রেশন আইন ২০০১ সংস্কারের কথা বললেন আইনমন্ত্রী



মো. আখতারুজ্জামান : আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক বলেন, বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থাপনার মাধ্যমে দ্রুততম সময়ে আইনী কার্যক্রম সম্পন্ন করে বিচার প্রাপ্তি নিশ্চিত করা যায়। তিনি জানান, বর্তমান সরকার দেশে ব্যবসা সহায়ক পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট আইনের প্রয়োজনীয় সংস্কারে বদ্ধ পরিকর। আইনমন্ত্রী বলেন, বর্তমান প্রেক্ষাপটে আরবিট্রেশন আইন ২০০১ সংস্কারের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। রোববার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। বাংলাদেশে নিযুক্ত বৃটিশ হাইকমিশনার রবার্ট চ্যাটারটন ডিকসন বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন। মন্ত্রী বলেন, ব্যবসায়ীদের আরো বেশি হারে এডিআর কার্যক্রম ব্যবহারের আহবান জানিয়ে আইন মন্ত্রী বলেন, কার্যকর এডিআর ব্যবস্থাপনা বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে মেডিয়েন কনভেনশন স্বাক্ষরিত হবে এবং সিপিসি অ্যাক্ট ইতোমধ্যে সংস্কার করা হয়েছে। আরবিট্রেশন প্রক্রিয়া সম্পন্নে নির্দিষ্ট সময়সীমা থাকা প্রয়োজন বলে তিনি মত প্রকাশ করেন।

ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার আরো বলেন, দেশের প্রবৃদ্ধির ধারাকে আরো বেগবান করার পাশাপাশি বাণিজ্য সহায়ক পরিবেশ নিশ্চিতকল্পে আমাদের একটি কার্যকর আইনি কাঠামো প্রয়োজন, যা বিশেষকরে ক্রস-বর্ডার বাণিজ্য বিরোধ নিষ্পত্তিতে দ্রুত ও দক্ষ কন্ট্রাক্ট এনফোর্সমেন্ট বাস্তবায়ন সক্ষম। আমাদের বর্তমান আইনি কাঠামোতে এ ধরনের চ্যালেঞ্জ মোকাবেলায় প্রথম ধাপেই বিদ্যমান বিকল্প বিরোধ নিষ্পত্তি আইনের প্রয়োজনীয় সংস্কার একান্ত অপরিহার্য। ডিসিসিআই সভাপতি বলেন, গত কয়েক দশকে আমাদের বৈদেশিক বিনিয়োগ যেমন বেড়েছে, তেমনি বেড়েছে বাণিজ্য বিরোধের পরিমাণ।

The Daily Alokito Bangladesh
আলোকিত বাংলাদেশ
সোমবার, ০৩ এপ্রিল ২০২৩

# বিদেশি বিনিয়োগ আকর্ষণে আরবিট্রেশন আইনের সংস্কার জরুরি : ঢাকা চেম্বার

● অর্থনৈতিক প্রতিবেদক

একটি কার্যকর বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থাপনা, দেশে ব্যবসা সহায়ক পরিবেশ উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, যা বৈদেশিক বিনিয়োগ আকর্ষনের অন্যতম পূর্বশর্ত বলে মনে করেন ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার। উল্লেখ্য, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে আরবিট্রেশন আইনের প্রয়োজনীয় সংস্কার' শীর্ষক সেমিনার গতকাল ডিসিসিআই অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক, এমপি প্রধান অতিথি এবং বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার রবার্ট চ্যাটারটন ডিকসন বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।




সেমিনারের স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার আরো বলেন, দেশের প্রবৃদ্ধির ধারাকে আরো বেগবান করার পাশাপাশি বাণিজ্য সহায়ক পরিবেশ নিশ্চিতকল্পে আমাদের একটি কার্যকর আইনি কাঠামো প্রয়োজন, যা বিশেষকরে ক্রস-বর্ডার বাণিজ্য বিরোধ নিষ্পত্তিতে দ্রুত ও দক্ষ কন্ট্রাক্ট এনফোর্সমেন্ট বাস্তবায়ন সক্ষম। আমাদের বর্তমান আইনি কাঠামোতে এ ধরনের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রথম ধাপেই বিদ্যমান বিকল্প বিরোধ নিষ্পত্তি আইনের প্রয়োজনীয় সংস্কার একান্ত অপরিহার্য বলে তিনি মত প্রকাশ করেন। ডিসিসিআই সভাপতি বলেন, গত কয়েক দশকে আমাদের বৈদেশিক বিনিয়োগ যেমন বেড়েছে, তেমনি বেড়েছে বাণিজ্য বিরোধের পরিমাণ, ফলে সাম্প্রতিক সময়ে এ ধরনের বাণিজ্য বিরোধ নিষ্পত্তিতে আরবিট্রেশন একটি অন্যতম নিয়ামক হিসেবে বিবেচিত হচ্ছে। ঢাকা চেম্বার সভাপতি সামীর সাত্তার বলেন, ক্রস-বর্ডার সংশ্লিষ্ট বাণিজ্য বিরোধগুলো দ্রুত ও স্বল্প খরচে সমাধানে প্রচলিত আইনি ব্যবস্থার চেয়ে আরবিট্রেশন ব্যবস্থাকেই বিদেশি বিনিয়োগকারীরা বেশি মাত্রায় কার্যকর বলে মনে করেন।

অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে আইন মন্ত্রী আনিসুল হক, এমপি বলেন, বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থাপনার মাধ্যমে দ্রুততম সময়ে আইনি কার্যক্রম সম্পন্ন করে বিচার প্রাপ্তি নিশ্চিত করা যায়। তিনি জানান, বর্তমান সরকার দেশে ব্যবসা সহায়ক পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট আইনের প্রয়োজনীয় সংস্কারের বদ্ধ পরিকর এবং বর্তমান প্রেক্ষাপটে আরবিট্রেশন আইন ২০০১ সংস্কারের বিষয়টি বিবেচনা করা যেতে পারে বলে মন্ত্রী মত প্রকাশ করেন। ব্যবসায়ীদের আরো বেশি হারে এডিআর কার্যক্রম ব্যবহারের আহ্বান জানিয়ে আইন মন্ত্রী বলেন, কার্যকর এডিআর ব্যবস্থাপনা বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। তিনি জানান, মেডিয়েন কনভেনশন স্বাক্ষরিত হবে এবং সিপিসি অ্যাক্ট এরই মধ্যে সংস্কার করা হয়েছে। আরবিট্রেশন প্রক্রিয়া সম্পন্নে নির্দিষ্ট সময়সীমা থাকা প্রয়োজন বলে তিনি মত প্রকাশ করেন।

বিশেষ অতিথির বক্তব্যে বৃটিশ হাইকমিশনার রবার্ট চ্যাটারটন ডিকসন বলেন, বিগত দুই দশকে বাংলাদেশের অর্থনীতিতে উল্লেখযোগ্য অগ্রগতি পরিলক্ষিত হয়েছে, তবে আগামী ৩ বছর পর দেশটির এলডিসি হতে উত্তোরণ পরবর্তী সময়ে অধিকতর বিদেশি বিনিয়োগ আকর্ষণের লক্ষ্যে আরবিট্রেশন আইনের প্রয়োজনীয় সংস্কার একান্ত অপরিহার্য। তিনি বলেন, এটা সত্য যে, বিদেশি বিনিয়োগকারীরা তাদের বিনিয়োগের নিরাপত্তা এবং এডিআরের মাধ্যমে দ্রুততম সময়ে বাণিজ্য বিরোধ নিষ্পত্তিতে করতে চায়। বাংলাদেশের কমার্শিয়াল আইনের সংস্কার খুবই জরুরী এবং এক্ষেত্রে ভারতের উদাহরণ বিবেচায় নিয়ে দ্রুততম সময়ে প্রয়োজনীয় সংস্কার সম্পন্ন করা আবশ্যক বলে তিনি মত প্রকাশ করেন।

বাংলাদেশের ব্যবসা সহায়ক পরিবেশ উন্নয়নে 'এনফোরসেমেন্ট অব কন্ট্রাক'র বাস্তবায়ন অত্যন্ত চ্যালেঞ্জিং বলে হাইকমিশনার মত প্রকাশ করেন। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ সুপ্রিমকোর্টের অ্যাডভোকেট ব্যারিস্টার আশরাফুল হাদি। তিনি বলেন, আরবিট্রাল ট্রাইবুনালের কোর্টের ন্যায় ক্ষমতা থাকা প্রয়োজন। তিনি বলেন, আরবিট্রেশন অ্যাক্ট ২০০১-এর সংজ্ঞায় 'কোর্ট' কে ইন্টারন্যাশনাল কমার্শিয়াল আরবিট্রেশনের আদলে যেন হাইকোর্ট হিসেবে বিবেচনা করা হয়। পাশাপাশি তিনি স্ট্যাম্পের শুল্ক প্রদানের সকল প্রক্রিয়া ডিজিটাল কার্যক্রমের আওতায় নিয়ে আসার প্রস্তাব করেন এবং স্থানীয় ও আন্তর্জাতিক উভয় ক্ষেত্রে আরবিট্রেশন মামলার কার্যক্রমের একটি কেন্দ্রীয় ডাটাবেইজ তৈরির প্রস্তাব করেন। ব্যারিস্টার হাদি আরো বলেন, বিদেশি নাগরিক ও বিনিয়োগকারীদের আরবিট্রেশনের জন্য বাংলাদেশ একটি উপযুক্ত স্থান হিসেবে বিবেচিত হতে পারে। বিদ্যমান বাণিজ্য বিরোধসমূহ দ্রুততর সময়ে নিষ্পত্তির লক্ষ্যে তিনি একটি 'আন্তর্জাতিক কমার্শিয়াল কোর্ট' স্থাপনেরও প্রস্তাব করেন। অনুষ্ঠানের নির্ধারিত আলোচনায় ইউনিলিভার বাংলাদেশের সিইও এবং ব্যবস্থাপনা পরিচালক জাভেদ আকতার, গ্রামীণফোন লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা ইয়াসির আজমান এবং ভারতের সুপ্রিমকোর্টের সিনিয়র আইনজীবি প্রমোদ নায়ার অংশগ্রহণ করেন। জাভেদ আকতার ডিজিটাল ম্যাকানিজম ব্যবস্থাপনার সমন্বয়ের মাধ্যমে একটি স্মার্ট আরবিট্রেশন প্রক্রিয়া চালুকরণের ওপর জোরারোপ করেন, সেই সাথে ব্যবসায়ী সম্প্রদায়ের মাঝে আরবিট্রেশনবিষয়ক সচেতনতা বাড়ানোর ওপর জোরারোপ করেন। ইয়াসির আজমান বলেন, আরবিট্রেশন অ্যাক্ট ২০০১ একটি প্রশংসনীয় উদ্যোগ, তবে এটার প্রয়োজনীয় সংস্কার জরুরি। পাশাপাশি তিনি এ আইনের দ্রুত বাস্তবায়নে তথ্য-প্রযুক্তি ও ডিজিটাল ব্যবস্থা প্রয়োগের প্রস্তাব করেন। প্রমোদ নায়ার বলেন, ভারতে আরবিট্রেশন আইনের প্রয়োজনীয় সংস্কারের মাধ্যমে ব্যবসা পরিচালন সূচকে দেশটির অবস্থানের উন্নতি ছিল চোখে পড়ার মত। তিনি জানান, বাণিজ্য বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে ভারতে পৃথক ভাবে 'কমার্শিয়াল কোর্ট' পরিচালিত হয় এবং এ ধরনের কার্যক্রম সম্পন্ন করতে সময়সীমা ও ফি সুনির্দিষ্ট করা হয়েছে। তিনি আরো জানান, ভারতে এডিআর কার্যক্রম আনলাইনে পরিচালিত হয়ে থাকে, যেটি খরচ হ্রাস ও সময় বাঁচাতে কার্যকর ভূমিকা পালন করে। সেমিনারে ধন্যবাদ জ্ঞাপন করেন ঢাকা চেম্বারের সহ-সভাপতি মো. জুনায়েদ ইবনে আলী।

# আজকালের খবর

সোমবার, ০৩ এপ্রিল ২০২৩


# বিদেশি বিনিয়োগ আকর্ষণে আরবিট্রেশন আইনের সংস্কার জরুরি: ঢাকা চেম্বার

অর্থনৈতিক প্রতিবেদক

একটি কার্যকর বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থাপনা, দেশে ব্যবসা সহায়ক পরিবেশ উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, যা বৈদেশিক বিনিয়োগ আকর্ষনের অন্যতম পূর্বশর্ত বলে মনে করেন ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মোঃ সামীর সাত্তার। উল্লেখ্য, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত "বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগ আকর্ষনে আরবিট্রেশন আইনের প্রয়োজনীয় সংস্কার" শীর্ষক সেমিনার গতকাল রবিবার ডিসিসিআই অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী আনিসুল হক, এমপি প্রধান অতিথি এবং বাংলাদেশে নিযুক্ত বৃটিশ হাইকমিশনার রবার্ট চ্যাটারটন ডিকসন বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

সেমিনারের স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার আরো বলেন, দেশের প্রবৃদ্ধির ধারাকে আরো বেগবান করার পাশাপাশি বাণিজ্য সহায়ক পরিবেশ নিশ্চিতকল্পে আমাদের একটি কার্যকর আইনি কাঠামো প্রয়োজন, যা বিশেষকরে ক্রস-বর্ডার বাণিজ্য বিরোধ নিষ্পত্তিতে দ্রুত ও দক্ষ কন্ট্রাক্ট এনফোর্সমেন্ট বাস্তবায়ন সক্ষম। আমাদের বর্তমান আইনি কাঠামোতে এ ধরনের চ্যালেঞ্জ মোকাবেলায় প্রথম ধাপেই বিদ্যমান বিকল্প বিরোধ নিষ্পত্তি আইনের প্রয়োজনীয় সংস্কার একান্ত অপরিহার্য বলে, তিনি মত প্রকাশ করেন। ডিসিসিআই সভাপতি বলেন, গত কয়েক দশকে আমাদের বৈদেশিক বিনিয়োগ যেমন বেড়েছে, তেমনি বেড়েছে বাণিজ্য বিরোধের পরিমাণ, ফলে সাম্প্রতিক সময়ে এ ধরনের বাণিজ্য বিরোধ নিষ্পত্তিতে আরবিট্রেশন একটি অন্যতম নিয়ামক হিসেবে বিবেচিত হচ্ছে। ঢাকা চেম্বার সভাপতি সামীর সাত্তার বলেন, ক্রস-বর্ডার সংশ্লিষ্ট বাণিজ্য বিরোধগুলো দ্রুত ও স্বল্প খরচে সমাধানে প্রচলিত আইনি ব্যবস্থার চেয়ে আরবিট্রেশন ব্যবস্থাকেই বিদেশি বিনিয়োগকারীরা বেশি মাত্রায় কার্যকর বলে মনে করেন। অনুষ্ঠানের প্রধান অতিথি'র বক্তব্যে আইন মন্ত্রী আনিসুল হক, এমপি বলেন, বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থাপনার মাধ্যমে দ্রুততম সময়ে আইনী কার্যক্রম সম্পন্ন করে বিচার প্রাপ্তি নিশ্চিত করা যায়। তিনি জানান, বর্তমান সরকার দেশে ব্যবসা সহায়ক পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট আইনের প্রয়োজনীয় সংস্কারের বদ্ধ পরিকর এবং বতর্মান প্রেক্ষাপটে আরবিট্রেশন আইন ২০০১ সংস্কারের বিষয়টি বিবেচনা করা যেতে পারে বলে মন্ত্রী মত প্রকাশ করেন। ব্যবসায়ীদের আরো বেশি হারে এডিআর কার্যক্রম ব্যবহারের আহ্বান জানিয়ে আইন মন্ত্রী বলেন, কার্যকর এডিআর ব্যবস্থাপনা বৈদেশিক বিনিয়োগ আকর্ষনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। তিনি জানান, মেডিয়েন কনভেনশন স্বাক্ষরিত হবে এবং সিপিসি অ্যাক্ট ইতোমধ্যে সংস্কার করা হয়েছে। আরবিট্রেশন প্রক্রিয়া সম্পন্নে নির্দিষ্ট সময়সীমা থাকা প্রয়োজন বলে তিনি মত প্রকাশ করেন। বিশেষ অতিথি'র বক্তব্যে বৃটিশ হাইকমিশনার রবার্ট চ্যাটারটন ডিকসন বলেন, বিগত দুই দশকে বাংলাদেশের অর্থনীতিতে উল্লেখযোগ্য অগ্রগতি পরিলক্ষিত হয়েছে, তবে আগামী ৩ বছর পর দেশটির এলডিসি হতে উত্তোরণ পরবর্তী সময়ে অধিকতর বিদেশি বিনিয়োগ আকর্ষনের লক্ষ্যে আরবিট্রেশন আইনের প্রয়োজনীয় সংস্কার একান্ত অপরিহার্য। তিনি বলেন, এটা সত্য যে, বিদেশি বিনিয়োগকারীরা তাদের বিনিয়োগের নিরাপত্তা এবং এডিআরের মাধ্যমে দ্রুততম সময়ে বাণিজ্য বিরোধ নিষ্পত্তিতে করতে চায়। বাংলাদেশের কমার্শিয়াল আইনের সংস্কার খুবই জরুরী এবং এক্ষেত্রে ভারতের উদাহরণ বিবেচায় নিয়ে দ্রুততম সময়ে প্রয়োজনীয় সংস্কার সম্পন্ন করা আবশ্যক বলে তিনি মত প্রকাশ করেন। বাংলাদেশের ব্যবসা সহায়ক পরিবেশ উন্নয়নে 'এনফোরসেমেন্ট অব কন্ট্রাক'-এর বাস্তবায়ন অত্যন্ত চ্যালেঞ্জিং বলে হাইকমিশনার মত প্রকাশ করেন। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ সুপ্রীম কোর্টের এ্যাডভোকেট ব্যারিস্টার আশরাফুল হাদি। তিনি বলেন, আরবিট্রাল ট্রাইবুনালের কোর্টের ন্যায় ক্ষমতা থাকা প্রয়োজন। তিনি বলেন, আরবিট্রেশন অ্যাক্ট ২০০১-এর সংজ্ঞায় 'কোর্ট' কে ইন্টারন্যাশনাল কমার্শিয়াল আরবিট্রেশনের আদলে যেন হাইকোর্ট হিসেবে বিবেচনা করা হয়। পাশাপাশি তিনি স্ট্যাম্প-এর শুল্ক প্রদানের সকল প্রক্রিয়া ডিজিটাল কার্যক্রমের আওতায় নিয়ে আসার প্রস্তাব করেন এবং স্থানীয় ও আন্তর্জাতিক উভয় ক্ষেত্রে আরবিট্রেশন মামলার কার্যক্রমের একটি কেন্দ্রীয় ডাটাবেইজ তৈরির প্রস্তাব করেন। ব্যারিস্টার হাদি আরো বলেন, বিদেশী নাগরিক ও বিনিয়োগকারীদের আরবিট্রেশনের জন্য বাংলাদেশ একটি উপযুক্ত স্থান হিসেবে বিবেচিত হতে পারে। বিদ্যমান বাণিজ্য বিরোধ সমূহ দ্রুততর সময়ে নিষ্পত্তির লক্ষ্যে তিনি একটি 'আন্তর্জাতিক কমার্শিয়াল কোর্ট' স্থাপনেরও প্রস্তাব করেন। অনুষ্ঠানের নির্ধারিত আলোচনায় ইউনিলিভার বাংলাদেশ-এর সিইও এবং ব্যবস্থাপনা পরিচালক জাভেদ আকতার, গ্রামীণফোন লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা ইয়াসির আজমান এবং ভারতের সুপ্রীম কোর্টের সিনিয়র আইনজীবি প্রমোদ নায়ার অংশগ্রহণ করেন। জাভেদ আকতার ডিজিটাল ম্যাকানিজম ব্যবস্থাপনার সমন্বয়ের মাধ্যমে একটি স্মার্ট আরবিট্রেশন প্রক্রিয়া চালুকরণের উপর জোরারোপ করেন, সেই সাথে ব্যবসায়ী সম্প্রদায়ের মাঝে আরবিট্রেশন বিষয়ক সচেতনতা বাড়ানোর উপর জোরারোপ করেন। ইয়াসির আজমান বলেন, আরবিট্রেশন অ্যাক্ট ২০০১ একটি প্রশংসনীয় উদ্যোগ, তবে এটার প্রয়োজনীয় সংস্কার জরুরী। পাশাপাশি তিনি এ আইনের দ্রুত বাস্তবায়নে তথ্য-প্রযুক্তি ও ডিজিটাল ব্যবস্থা প্রয়োগের প্রস্তাব করেন। প্রমোদ নায়ার বলেন, ভারতে আরবিট্রেশন আইনের প্রয়োজনীয় সংস্কারের মাধ্যমে ব্যবসা পরিচালন সূচকে দেশটির অবস্থানের উন্নতি ছিল চোখে পড়ার মত। তিনি জানান, বাণিজ্য বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে ভারতে পৃথক ভাবে 'কমার্শিয়াল কোর্ট' পরিচালিত হয় এবং এ ধরনের কার্যক্রম সম্পন্ন করতে সময়সীমা ও ফি সুনিদিষ্ট করা হয়েছে। তিনি আরোও জানান, ভারতে এডিআর কার্যক্রম আনলাইনে পরিচালিত হয়ে থাকে, যেটি খরচ হ্রাস ও সময় বাঁচাতে কার্যকর ভূমিকা পালন করে। সেমিনারে ধন্যবাদ জ্ঞাপন করেন ঢাকা চেম্বারের সহ-সভাপতি মো. জুনায়েদ ইবনে আলী।



Bangladesh Sangbad Sangstha (BSS)
National News Agency of Bangladesh

# Govt committed to make best business friendly rules, regulations: Law Minister




DHAKA, April 2, 2023 (BSS) - Law Minister Anisul Huq today said that the government is committed to make the best possible business-friendly rules and regulations.

"Through alternative dispute resolution mechanism, we can get faster access to justice. Government is committed to make best possible business friendly rules and regulations. Arbitration Act 2001 may be revisited," he said.

The Law Minister said this while addressing a seminar on "Revisiting Arbitration Act for Promoting FDI in Bangladesh" as the chief guest organized by Dhaka Chamber of Commerce and Industry (DCCI) at its auditorium today.

Urging the business community to use the ADR, Anisul said that through an effective ADR mechanism, FDI regime will be improved a lot. He said that the Mediation convention will be signed. "CPC Act has already been amended... there should be a fixed time frame for arbitration proceeding," he added.

Speaking at the seminar as the special guest, British High Commissioner Robert Chatterton Dickson said that Bangladesh has done a tremendous progress especially in the last two decades. Moreover, he said Bangladesh would be graduated from the LDC group in next three years and reforms of arbitration act will help improve ease of doing business and that will attract FDI more.

After LDC graduation, he said Bangladesh would have to compete with other countries. "It's true that foreign investors need their investment protection while faster litigation process through arbitration and mediation are very effective. It's possible to reform commercial laws and it's possible to make improvement and in that case India could be a good example," he said.

The British High Commissioner said enforcement of contract remains the key challenge in improving the business climate in Bangladesh. "Once Bangladesh will work closely with international investors, regulatory and policy reforms with systematic improvement needs to continue on this business climate improvement trajectory," he further said.

DCCI President Barrister Sameer Sattar said a stable business environment featured by an efficient dispute resolution system is one of the pre-requisites for attracting FDI.

He said that in order to further promote the ongoing growth and success of the business climate; it is essential that a legal framework is established that enables swift and efficient contract enforcements, particularly in the context of cross-border commercial disputes.

"Therefore, it is essential to reform the Arbitration Act as the first step towards addressing such challenges existing in our legal atmosphere. With a rapid FDI stream in Bangladesh, the number of commercial disputes has risen significantly over the last few decades. As a result, arbitration has emerged as the pre-eminent mode of dispute resolution in recent times," he added.

Sameer said arbitration is meant to be a fast and cost-effective way of resolving commercial disputes and traditionally foreign investors have chosen arbitration over national court litigation when resolving cross-border disputes.

Barrister Ashraful Hadi, Advocate, Supreme Court of Bangladesh, presented the keynote paper. He recommended that the arbitral tribunal should have the same power as the court. He also said that the definition of "Court" under the Arbitration Act 2001 should include High Court in respect of international commercial arbitration.

Besides, payment method of stamp duty in all aspects should be digitalized, he added. He also underscored the need for a central database for arbitration proceedings for both domestically and internationally. "Bangladesh can become a suitable venue for arbitration among foreigners or foreign investors," he mentioned.

Ashraful also urged to formulate an international commercial court, so that disputes can be disposed of in a speedy manner.

Zaved Akhtar, CEO, Unilever Bangladesh Ltd. said that arbitration needs specialized resources and understanding of different aspects as well. He also proposed for a smart arbitration model with digitized mechanism. "Moreover awareness is very crucial to make it more familiar among the business community," he said.

Yasir Azman, CEO, Grameenphone Ltd. said that for arbitration predictability, certainty and protection of investment are important. Arbitration Act 2001 was laudable initiative, but now its needs reforms. He further stressed on digitalization and technology for faster use of arbitration act.

Promod Nair, Advocate of India, said that India has made amendment in their Arbitration Act and after that reforms their position in the ease of doing business index has been improved. He also informed that India has separate commercial courts to deal with business disputes only.

বাংলা ট্রিবিউন

সঠিক সময়ে সঠিক খবর

# বিদেশি বিনিয়োগ আকর্ষণে আরবিট্রেশন আইনের সংস্কার জরুরি: ঢাকা চেম্বার

বাংলা ট্রিবিউন রিপোর্ট




একটি কার্যকর বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থাপনা, দেশে ব্যবসা-সহায়ক পরিবেশ উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। যা বৈদেশিক বিনিয়োগ আকর্ষণের অন্যতম পূর্বশর্ত বলে মনে করেন ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার।

রবিবার (২ এপ্রিল) ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে আরবিট্রেশন আইনের প্রয়োজনীয় সংস্কার' শীর্ষক সেমিনারে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক প্রধান অতিথি এবং বাংলাদেশে নিযুক্ত বৃটিশ হাইকমিশনার রবার্ট চ্যাটারটন ডিকসন বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

সেমিনারে স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার বলেন, 'দেশের প্রবৃদ্ধির ধারাকে আরও বেগবান করার পাশাপাশি বাণিজ্য-সহায়ক পরিবেশ নিশ্চিতকল্পে আমাদের একটি কার্যকর আইনি কাঠামো প্রয়োজন, যা বিশেষ করে ক্রস-বর্ডার বাণিজ্য বিরোধ নিষ্পত্তিতে দ্রুত ও দক্ষ কন্ট্রাক্ট এনফোর্সমেন্ট বাস্তবায়ন সক্ষম।' আমাদের বর্তমান আইনি কাঠামোতে এ ধরনের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রথম ধাপেই বিদ্যমান বিকল্প বিরোধ নিষ্পত্তি আইনের প্রয়োজনীয় সংস্কার একান্ত অপরিহার্য বলে তিনি মত প্রকাশ করেন। ডিসিসিআই সভাপতি বলেন, 'গত কয়েক দশকে আমাদের বৈদেশিক বিনিয়োগ যেমন বেড়েছে, তেমনই বেড়েছে বাণিজ্য বিরোধের পরিমাণ। ফলে সাম্প্রতিক সময়ে এ ধরনের বাণিজ্য বিরোধ নিষ্পত্তিতে আরবিট্রেশন একটি অন্যতম নিয়ামক হিসেবে বিবেচিত হচ্ছে।'

ঢাকা চেম্বার সভাপতি সামীর সাত্তার বলেন, 'ক্রস-বর্ডার সংশ্লিষ্ট বাণিজ্য বিরোধগুলো দ্রুত ও স্বল্প খরচে সমাধানে প্রচলিত আইনি ব্যবস্থার চেয়ে আরবিট্রেশন ব্যবস্থাকেই বিদেশি বিনিয়োগকারীরা বেশি মাত্রায় কার্যকর বলে মনে করেন।'

প্রধান অতিথি'র বক্তব্যে আইনমন্ত্রী আনিসুল হক বলেন, 'বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থাপনার মাধ্যমে দ্রুততম সময়ে আইনি কার্যক্রম সম্পন্ন করে বিচারপ্রাপ্তি নিশ্চিত করা যায়।' তিনি জানান, বর্তমান সরকার দেশে ব্যবসা-সহায়ক পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট আইনের প্রয়োজনীয় সংস্কারে বদ্ধ পরিকর এবং বর্তমান প্রেক্ষাপটে 'আরবিট্রেশন আইন ২০০১' সংস্কারের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

ব্যবসায়ীদের আরও বেশিহারে এডিআর কার্যক্রম ব্যবহারের আহ্বান জানিয়ে আইনমন্ত্রী বলেন, 'কার্যকর এডিআর ব্যবস্থাপনা বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।' তিনি জানান, মেডিয়েশন কনভেনশন স্বাক্ষরিত হবে এবং সিপিসি অ্যাক্ট ইতোমধ্যে সংস্কার করা হয়েছে। আরবিট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে নির্দিষ্ট সময়সীমা থাকা প্রয়োজন বলে তিনি মত প্রকাশ করেন।

বিশেষ অতিথির বক্তব্যে বৃটিশ হাইকমিশনার রবার্ট চ্যাটারটন ডিকসন বলেন, 'বিগত দুই দশকে বাংলাদেশের অর্থনীতিতে উল্লেখযোগ্য অগ্রগতি পরিলক্ষিত হয়েছে। তবে আগামী ৩ বছর পর দেশটির এলডিসি হতে উত্তরণ পরবর্তী সময়ে অধিকতর বিদেশি বিনিয়োগ আকর্ষণের লক্ষ্যে আরবিট্রেশন আইনের প্রয়োজনীয় সংস্কার একান্ত অপরিহার্য।' তিনি বলেন, 'এটা সত্য যে, বিদেশি বিনিয়োগকারীরা তাদের বিনিয়োগের নিরাপত্তা এবং এডিআরের মাধ্যমে দ্রুততম সময়ে বাণিজ্য বিরোধ নিষ্পত্তিতে করতে চায়।' বাংলাদেশের কমার্শিয়াল আইনের সংস্কার খুবই জরুরি এবং এক্ষেত্রে ভারতের উদাহরণ বিবেচনায় নিয়ে দ্রুততম সময়ে প্রয়োজনীয় সংস্কার সম্পন্ন করা আবশ্যক বলে তিনি মত প্রকাশ করেন। বাংলাদেশের ব্যবসা-সহায়ক পরিবেশ উন্নয়নে 'এনফোর্সমেন্ট অব কন্ট্রাক্ট'-এর বাস্তবায়ন অত্যন্ত চ্যালেঞ্জিং বলে হাইকমিশনার মত প্রকাশ করেন।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের অ্যাডভোকেট ব্যারিস্টার আশরাফুল হাদি। তিনি বলেন, 'আরবিট্রাল ট্রাইব্যুনালের কোর্টের ন্যায়-ক্ষমতা থাকা প্রয়োজন।' তিনি বলেন, আরবিট্রেশন অ্যাক্ট ২০০১-এর সংজ্ঞায় 'কোর্ট'-কে ইন্টারন্যাশনাল কমার্শিয়াল আরবিট্রেশনের আদলে যেন হাইকোর্ট হিসেবে বিবেচনা করা হয়। পাশাপাশি তিনি স্ট্যাম্প-এর শুল্ক প্রদানের সব প্রক্রিয়া ডিজিটাল কার্যক্রমের আওতায় নিয়ে আসার প্রস্তাব করেন এবং স্থানীয় ও আন্তর্জাতিক উভয় ক্ষেত্রে আরবিট্রেশন মামলার কার্যক্রমের একটি কেন্দ্রীয় ডাটাবেইজ তৈরির প্রস্তাব করেন। ব্যারিস্টার হাদি আরও বলেন, বিদেশি নাগরিক ও বিনিয়োগকারীদের আরবিট্রেশনের জন্য বাংলাদেশ একটি উপযুক্ত স্থান হিসেবে বিবেচিত হতে পারে। বিদ্যমান বাণিজ্য বিরোধগুলো সমূহ দ্রুততর সময়ে নিষ্পত্তির লক্ষ্যে তিনি একটি 'আন্তর্জাতিক কমার্শিয়াল কোর্ট' স্থাপনেরও প্রস্তাব করেন।

অনুষ্ঠানের নির্ধারিত আলোচনায় ইউনিলিভার বাংলাদেশ-এর সিইও এবং ব্যবস্থাপনা পরিচালক জাভেদ আকতার, গ্রামীণফোন লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা ইয়াসির আজমান এবং ভারতের সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী প্রমোদ নায়ার অংশগ্রহণ করেন।

জাভেদ আকতার ডিজিটাল মেকানিজম ব্যবস্থাপনার সমন্বয়ের মাধ্যমে একটি স্মার্ট আরবিট্রেশন প্রক্রিয়া চালুকরণের ওপর জোরারোপ করেন। সেই সঙ্গে ব্যবসায়ী সম্প্রদায়ের মাঝে আরবিট্রেশন বিষয়ক সচেতনতা বাড়ানোর ওপর জোরারোপ করেন।

ইয়াসির আজমান বলেন, 'আরবিট্রেশন অ্যাক্ট ২০০১ একটি প্রশংসনীয় উদ্যোগ, তবে এটার প্রয়োজনীয় সংস্কার জরুরি।' পাশাপাশি তিনি এ আইনের দ্রুত বাস্তবায়নে তথ্য-প্রযুক্তি ও ডিজিটাল ব্যবস্থা প্রয়োগের প্রস্তাব করেন।

প্রমোদ নায়ার বলেন, 'ভারতে আরবিট্রেশন আইনের প্রয়োজনীয় সংস্কারের মাধ্যমে ব্যবসা পরিচালন সূচকে দেশটির অবস্থানের উন্নতি ছিল চোখে পড়ার মতো।' তিনি জানান, বাণিজ্য বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে ভারতে পৃথকভাবে 'কমার্শিয়াল কোর্ট' পরিচালিত হয় এবং এ ধরনের কার্যক্রম সম্পন্ন করতে সময়সীমা ও ফি সুনির্দিষ্ট করা হয়েছে। তিনি আরও জানান, ভারতে এডিআর কার্যক্রম অনলাইনে পরিচালিত হয়ে থাকে, যেটি খরচ হ্রাস ও সময় বাঁচাতে কার্যকর ভূমিকা পালন করে।

Jagonews24.com
বস্তুনিষ্ঠ সংবাদের অনলাইন ঠিকানা

# বিদেশি বিনিয়োগ বাড়াতে সালিশ আইনের সংস্কার চায় ডিসিসিআই

নিজস্ব প্রতিবেদক
প্রকাশিত: ০৫:৩১ পিএম, ০২ এপ্রিল ২০২৩




দেশে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে আরবিট্রেশন বা সালিশ আইনের সংস্কার জরুরি বলে অভিমত ব্যক্ত করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। ডিসিসিআই মনে করে, একটি কার্যকর বিকল্প বিরোধ নিষ্পত্তি (এডিআর) ব্যবস্থাপনা দেশে ব্যবসা সহায়ক পরিবেশ উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। যা বৈদেশিক বিনিয়োগ আকর্ষণেরও অন্যতম পূর্বশর্ত।

রোববার (২ এপ্রিল) ডিসিসিআইতে 'বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণে আরবিট্রেশন আইনের প্রয়োজনীয় সংস্কার' শীর্ষক সেমিনারে চেম্বার সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার এ কথা জানান। সেমিনারে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক প্রধান অতিথি এবং ঢাকায় নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার রবার্ট চ্যাটারটন ডিকসন বিশেষ অতিথি হিসেবে যোগ দেন।

সেমিনারের স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি বলেন, দেশে প্রবৃদ্ধির ধারা আরও বেগবান করার পাশাপাশি বাণিজ্য সহায়ক পরিবেশ নিশ্চিত করতে আমাদের একটি কার্যকর আইনি কাঠামো প্রয়োজন। যা বিশেষত ক্রস-বর্ডার বাণিজ্য বিরোধ নিষ্পত্তিতে দ্রুত ও দক্ষ কন্ট্রাক্ট অ্যানফোর্সমেন্ট বাস্তবায়নে সক্ষম। আমাদের বর্তমান আইনি কাঠামোতে এ ধরনের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রথম ধাপেই বিদ্যমান বিকল্প বিরোধ নিষ্পত্তি আইনের প্রয়োজনীয় সংস্কার একান্ত অপরিহার্য।

তিনি বলেন, গত কয়েক দশকে আমাদের বৈদেশিক বিনিয়োগ যেমন বেড়েছে, তেমনই বাণিজ্য বিরোধের পরিমাণও বেড়েছে। ফলে সাম্প্রতিককালে এ ধরনের বাণিজ্য বিরোধ নিষ্পত্তিতে আরবিট্রেশন একটি অন্যতম নিয়ামক হিসেবে বিবেচিত হচ্ছে।

ক্রস-বর্ডার সংশ্লিষ্ট বাণিজ্য বিরোধগুলো দ্রুত ও স্বল্প খরচে সমাধানে প্রচলিত আইনি ব্যবস্থার চেয়ে আরবিট্রেশন ব্যবস্থাকেই বিদেশি বিনিয়োগকারীরা অধিক মাত্রায় কার্যকর মনে করেন বলেও জানান ঢাকা চেম্বার সভাপতি।

প্রধান অতিথির বক্তব্যে আইনমন্ত্রী আনিসুল হক বলেন, বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থাপনার মাধ্যমে দ্রুততম সময়ে আইনি কার্যক্রম সম্পন্ন করে বিচারপ্রাপ্তি নিশ্চিত করা যায়। বর্তমান সরকার দেশে ব্যবসা সহায়ক পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট আইনের প্রয়োজনীয় সংস্কারে বদ্ধপরিকর। বর্তমান প্রেক্ষাপটে আরবিট্রেশন আইন-২০০১ সংস্কারের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

ব্যবসায়ীদের আরও বেশি হারে বিকল্প বিরোধ নিষ্পত্তি বা এডিআর কার্যক্রম ব্যবহারের আহ্বান জানিয়ে তিনি

The Daily Star
MONDAY, 03 APRIL 2023

# Sound, enforceable commercial laws vital to attracting FDIs

## Says British high commissioner at Dhaka Chamber's seminar on arbitration act

STAR BUSINESS REPORT

Bangladesh needs to put in place sound and enforceable commercial laws and affordable commercial dispute resolution systems and ensure adequate protection to investments with a view to removing barriers hindering businesses and creating investment opportunities, said speakers yesterday.

The experience and evidence show that despite overwhelming challenges, it is possible to reform the commercial laws and it is possible to deliver specific improvements, which can make it easier to do businesses, said Robert Chatterton Dickson, the British high commissioner to Bangladesh.

He suggested the reforms so that the graduation of Bangladesh to a developing country from the grouping of the least-developed countries does not face any major challenges.

The envoy was speaking at a seminar on "Revisiting the Arbitration Act for Promoting FDI in Bangladesh" organised by the Dhaka Chamber of Commerce and Industry (DCCI) at its office in the capital.

Dickson said the discontinued World Bank's ease of doing business ranked Bangladesh second from the bottom among 190 countries when it comes to enforcing contracts.

"In Bangladesh, we worked for many years in justice sector reforms and other areas. But it is fair to say the impact of the work has limitations in terms of the commercial justice system. The justice system is overwhelmed with the backlog of a huge number of court cases."

Dickson said he could see weaknesses in the commercial legal environment, including irrelevant laws and regulations, hindering business and investment opportunities.

In the post-LDC period, Bangladesh will compete with other developing countries, and confidence is the key to attracting foreign direct investments, he added.

**In the post-LDC period, Bangladesh will compete with other developing countries, and confidence is the key to attracting foreign direct investments, said Robert Chatterton Dickson, the British high commissioner to Bangladesh**

"Sound and enforceable commercial laws and affordable commercial dispute resolution systems are vital to attracting FDIs."

He added that foreign investors require protection for their investments and protection against the pretty risks of expropriation, protection through dispute settlement mechanisms, and protection of their intellectual property.



Robert Chatterton Dickson

A stable business environment comprising an efficient dispute resolution system is one of the prerequisites for attracting FDI, said Md Sameer Sattar, president of the DCCI.

He said in order to further promote the ongoing growth and success of the business climate, it is essential that Bangladesh establishes a legal framework that enables swift and efficient contract enforcement, particularly in the context of cross-border commercial disputes.

"Therefore, it is essential to reform the Arbitration Act as the first step towards addressing such challenges existing in our legal atmosphere."

According to the business leader, with a rapid FDI stream in Bangladesh, the number of commercial disputes has risen significantly over the last few decades.

"As a result, arbitration has emerged as the pre-eminent mode of dispute resolution in recent times. Arbitration is meant to be a fast and cost-effective way of resolving commercial disputes and traditionally foreign investors have chosen arbitration over national court litigation when resolving cross-border disputes."

Law Minister Anisul Huq said: "Through alternative dispute resolution (ADR) mechanism, we can get faster access to justice."

He said the government is committed to making the best possible business-friendly rules and regulations. "The Arbitration Act 2001 may be revisited."

The minister urged the business community to use ADR.

He agreed that through an effective ADR mechanism, the FDI regime will be improved a lot.

He said that the Mediation convention will be signed and said there should have a fixed time frame for the arbitration proceedings.

Zaved Akhtar, chief executive officer of Unilever Bangladesh, said that arbitration needs specialised resources and an understanding of different aspects as well.

He proposed a smart arbitration model with a digitalised mechanism, according to a press release of the DCCI.

"Moreover, awareness is very crucial to make it more familiar among the business community."

Yasir Azman, CEO of Grameenphone, said for arbitration predictability, certainty and protection of investment are important.

"The Arbitration Act 2001 was a laudable initiative but now its needs reforms." He stressed digitalisation and technology for faster use of the arbitration act.

Promod Nair, an advocate of India, said India has made amendments to its Arbitration Act and after the reforms, the country's position in the ease of doing business index had improved.

India has separate commercial courts to deal with business disputes alone. Moreover, the Act has identified specific time limits and fees for each arbitration proceeding.

Nair also said that India has an online dispute resolution mechanism that reduces costs and time as well.

While presenting the keynote paper, Ashraful Hadi, an advocate of the Supreme Court of Bangladesh, recommended that the arbitral tribunal should have the same power as the court.

He said that the definition of "court" under the Arbitration Act 2001 should include High Court in respect of international commercial arbitration.

Besides, payment methods of the stamp duty in all aspects should be digitalised, he added.

He also underscored the need for a central database for the arbitration proceedings at home and abroad. "Bangladesh can become a suitable venue for arbitration among foreigners or foreign investors."

Hadi called for setting up an international commercial court, so that disputes can be settled in an expedited manner, according to the press release.